

২০১৯
বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

প্রথম পত্র : BNGH-CC-T-I

(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-১ম ভাগ)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ক) বাংলা সাধন সঙ্গীতের সূত্রপাত হয়েছিল কোন্ রচনা থেকে?
সেটি কবে প্রকাশিত হয়েছিল?
- খ) ১৩৪২ সালে কোন্ সম্রাট বাংলার সিংহাসনে বসেছিলেন?
এই সম্রাটের উত্তরসূরির কত বছর বাংলায় রাজত্ব করেছিলেন?
- গ) প্রাক-চৈতন্য যুগের ক'টি উপশাখা ছিল? সেগুলি কী কী?
- ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের আসল নাম কী? 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি
আবিষ্কারের পর বাংলা সাহিত্যে কোন্ সমস্যার সৃষ্টি
হয়েছিল?

[পরের পাতায়]

- ঙ) “পঞ্চগৌড় চাপিয়া গৌড়েশ্বর রাজা।
গৌড়েশ্বর পূজা কৈলে গুণের হয় পূজা।।”
—কোন কবি গৌড়েশ্বরের উদ্দেশ্যে লিখেছিলেন? তাঁর লেখা গ্রন্থটির প্রকৃত নাম লেখো।
- চ) “গৌড়েশ্বর নাম দিলা গুণরাজ খান।”—এখানে গুণরাজ খান কে? তাঁর লেখা গ্রন্থটির নাম লেখো।
- ছ) “আলো মুদ্রিঃ জানো না জানো না”—পদটি কে লিখেছিলেন? এই কবি সাফল্য পেয়েছেন কোন্ ধরনের পদ রচনা করে?
- জ) কোন জীবনী কাব্যে (মধ্যযুগ) বাংলাদেশের সমাজচিত্র ধরা পড়েছিল? এটি কে লিখেছিলেন?
- ঝ) মধ্যযুগের যাবতীয় আখ্যান কাব্যের শ্রেষ্ঠ কবি কে ছিলেন? তিনি কোথায় জন্মগ্রহণ করেছিলেন?
- ঞ) ধর্মঙ্গল কাব্যের আদি কবি ও শ্রেষ্ঠ কবির নাম লেখো।
- ট) প্রাচীন ভারতীয় আর্য ভাষায় কয়টি অযোগবাহ বর্ণ ছিল? সেগুলি কী কী?
- ঠ) “বাংলা ভাষার জন্ম হয়েছিল গৌড়ীয় অপভ্রংশ থেকে”—কথাগুলি কে বলেছিলেন?
- ড) খণ্ডিত শব্দের ব্যবহার বাংলা ভাষার কোন পর্বে লক্ষ করা যায়? দু’টি উদাহরণ দাও।
- ঢ) বাংলা ভাষায় মৌলিক স্বরধ্বনি কয়টি? সেগুলি কী কী?
- ণ) কোন গ্রন্থে প্রথম বাংলা সংখ্যার মুদ্রিত রূপ পাওয়া গেছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- ক) বড়ু চণ্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যকে আখ্যান কাব্য বলার কারণ ব্যাখ্যা করো।
- খ) কৃষ্ণিবাসী রামায়ণ বা কাশীদাসী মহাভারতের মতো মালাধর বসু রচিত ভাগবত জনপ্রিয় হয়নি কেন বুঝিয়ে দাও।
- গ) নারায়ণদেবের কাব্যপ্রতিভা বিচার করো।
- ঘ) বাংলাদেশে মঙ্গল কাব্য উদ্ভবের কারণগুলি লিপিবদ্ধ করো।
- ঙ) কোনো ভাষা থেকে বাংলা ভাষায় আই.পি.এ.-তে রূপান্তরের নিয়মগুলি লেখো।
- চ) প্রাচীন বাংলা ভাষার নিদর্শন ও কালপর্ব লিখে চারটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- ক) বাঙালি জাতি ও বাংলা ভাষার মধ্যে সম্পর্ক নিরূপণ করে একটি প্রবন্ধ লেখো।
- খ) বাংলা লিপি উদ্ভবের বিষয়টি রেখচিত্রসহ বুঝিয়ে দাও।
- গ) 'চণ্ডীমঙ্গল' কাব্য রচনায় কবি মুকুন্দ চক্রবর্তীর প্রতিভা বিচার করো।
- ঘ) 'চর্যাপদ'-এর কাব্যমূল্য বিচার করে এর গুরুত্ব বুঝিয়ে দাও।